

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১১৫২৪৮১/বাগেরহাট-১২২/২৫১

তারিখ: ০১ আশ্বিন ১৪৩২
২৪ সেপ্টেম্বর ২০২৫


বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বাগেরহাট জেলার শরণখোলা উপজেলাধীন আকন্দপাড়া দাখিল মাদ্রাসার প্রস্তাবিত ম্যানেজিং কমিটি গঠনে ভোটার তালিকা গোপন রাখা, অভিভাবক সদস্যদের অবহিত না করা, প্রথম শ্রেণীর কর্মকর্তাকে প্রিজাইডিং অফিসার নিয়োগ না করা, জমিদাতা ভোটারকে অবহিত না করা সহ অনিয়ম সংক্রান্ত বিষয়ে জনাব মোঃ রাসেল আকন অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০২ (দুই)
পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২৪. ৯. ২৫

প্রফেসর খালেহ আহমাদ
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd


উপজেলা নির্বাহী অফিসার
শরণখোলা, বাগেরহাট।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০০১৩০১/রূরগুনা-৫১/

তারিখ: ০১ আশ্বিন ১৪৩২
২৪ সেপ্টেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বাগেরহাট;
২. জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শরণখোলা, বাগেরহাট;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, আকন্দপাড়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-মঠেরপাড়, শরণখোলা, বাগেরহাট;
৫. জনাব মোঃ রাসেল আকন(অভিযোগকারী), সাং-মোতালেব কলোনী, কলসী দীঘির রোড, বন্দর, চট্টগ্রাম পোর্ট, চট্টগ্রাম;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।


২৪/৯/২৫

মোঃ আব্দুর রশিদ

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

বরাবর,

রেজিস্ট্রার,

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বিষয়: মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত অনিয়মের অভিযোগ প্রসঙ্গে।

মহোদয়/মহোদয়া,

আমি মোঃ রাসেল আকন, আকন্দপাড়া দাখিল মাদ্রাসার একজন সচেতন অভিভাবক সদস্য। আনুমানিক ২৫/০৮/২০২৫ তারিখে মাদ্রাসার ম্যানেজিং কমিটি সবার অগোচরে এবং নিয়মবহির্ভূতভাবে গঠন করা হয়েছে। এ বিষয়ে আমার কয়েকটি গুরুতর অভিযোগ পেশ করছি। এর ফলে মাদ্রাসার সুষ্ঠু পরিচালনায় ব্যাঘাত ঘটছে এবং ম্যানেজিং কমিটির সঠিক গঠন সম্ভব হয়নি। অভিযোগগুলো নিম্নরূপ:

১. ভোটার তালিকা গোপন রাখা ও অভিভাবক সদস্যদের অবহিত না করা:

ম্যানেজিং কমিটি গঠনের সময় ভোটার তালিকা গোপন রাখা হয়েছে এবং অভিভাবক সদস্যদের অবহিত করা হয়নি। বিধিমালা অনুযায়ী চূড়ান্ত খসড়া প্রকাশ ও অফিস বোর্ডে নোটিশ টানানোর নিয়ম পালন করা হয়নি। এটি স্পষ্টভাবে বিধিমালা লঙ্ঘনকারী একটি পদক্ষেপ।

২. প্রথম শ্রেণির প্রিজাইডিং অফিসার নিয়োগ না করা:

ম্যানেজিং কমিটি গঠনের নির্বাচনে প্রিজাইডিং অফিসার হিসেবে প্রথম শ্রেণির কর্মকর্তা নিয়োগের কথা থাকলেও দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। এটি ২০০৯ সালের বিধিমালা ১৫(২) লঙ্ঘন করে এবং এর ফলে রুল নিসি ইস্যু হয়েছে।

৩. জমিদাতা ভোটারকে অবহিত না করা:

মাদ্রাসার জমিদাতা ভোটার সদস্য জনাব মোঃ আব্দুস সাত্তার (সাবেক অধ্যক্ষ, পি.সি. কলেজ, বাগেরহাট)–কে নির্বাচনী প্রক্রিয়া সম্পর্কে অবহিত করা হয়নি, যা আইনগতভাবে অপরাধ।

মাদ্রাসার তথ্য:

- মাদ্রাসার নাম: আকন্দপাড়া দাখিল মাদ্রাসা
- ঠিকানা: মঠেরপাড়, খোল্ডাকাটা, শরণখোলা, বাগেরহাট
- EIIN নম্বর: 115248

আমার আবেদন:

উপরের অভিযোগসমূহের যথাযথ তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক এবং উক্ত গঠিত কমিটি জরুরি ভিত্তিতে বাতিল করে নির্ধারিত বিধিমালা অনুযায়ী পুনরায় নির্বাচন আয়োজন করে মাদ্রাসার সুষ্ঠু পরিচালনার জন্য যথাযথ সিদ্ধান্ত গ্রহণের জন্য বিনীত অনুরোধ করছি। আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

ইতি,

মোঃ রাসেল আকন

জাতীয় পরিচয়পত্র নম্বর: ১৫৯২০৩৮৩৩৮৬০৪

ঠিকানা: মঠেরপাড়, জানেরপাড়, শরণখোলা, বাগেরহাট

মোবাইল নম্বর: ০১৯১০৬৪৪৫০৯